

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোপালগঞ্জ সদর
www.sadar.gopalganj.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৩৫৩২.০০১.১১.০০১.১৭- ২০৭

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরী শর্তাবলী সম্পর্কিত বিধিমালা/২০১৫ ও স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা ২০১১ এর সংশোধিত বিধিমালা ২০১৬ মোতাবেক গোপালগঞ্জ জেলাধীন সদর উপজেলার নিম্নোক্ত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


| ক্রমিক | ইউনিয়ন পরিষদের নাম | পদের নাম | ওয়ার্ড নম্বর | পদের সংখ্যা | বেতন | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা |
|-----------|---------------------|-----------|---------------|-------------|------------------------|---|--|
| ০১ | সাহাপুর | মহল্লাদার | ০২ | ০১ | সরকার কর্তৃক নির্ধারিত | ৩০ বছর | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: মহল্লাদার পদে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | কাজুলিয়া | | ০৬ | ০১ | | | |
| ০৩ | নিজড়া | | ০১ | ০১ | | | |
| ০৪ | কাঠি | | ০৪ | ০১ | | | |
| ০৫ | পাইককান্দি | | ০৫ | ০১ | | | |
| ০৬ | চন্দ্রদিঘলিয়া | | ০৪ | ০১ | | | |
| ০৭ | দুর্গাপুর | | ০৮ | ০১ | | | |
| সর্বমোট = | | | | ০৭ | | | |

শর্তাবলী:

- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। মহল্লাদার পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে;
- পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে (অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, (আ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে (অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; (আ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে;
- আবেদনকারী/প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্মতারিখ, বয়স (১৬-০৩-২০২৫ তারিখ পর্যন্ত), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ নিম্নস্বাক্ষরকারী বরাবর ১৬-০৩-২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন আবেদন সরাসরি বা ডাক যোগে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না;
- আবেদনপত্রের সাথে আবেদনকারী/প্রার্থীর ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের কপি (সকল কাগজপত্র গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং সংশ্লিষ্ট ওয়ার্ড ও ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত নাগরিক সনদপত্র দাখিল করতে হবে। উক্ত কাগজপত্র ব্যতীত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধিবিধান ও কোটা অনুসরণ করা হবে।
- প্রাপ্ত সকল দরখাস্ত প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত আবেদনকারী/প্রার্থীগণকে বাছাই কমিটির লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হতে হবে। প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনকারী/প্রার্থীর প্রাপ্ত তথ্য ভুয়া প্রমাণিত হলে আবেদনপত্র/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা-০২

৮. নিয়োগপ্রাপ্ত আবেদনকারী/প্রার্থীকে ধানায় এক মাস প্রশিক্ষণ সমাপ্ত করতে ব্যর্থ হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল/পদের সংখ্যা বৃদ্ধি বা কমানোর অধিকার সংরক্ষণ করেন।
১০. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ সাক্ষাতকার গ্রহণ করতে কিংবা পদে নিয়োগ করতে বাধ্য থাকবে না।


(এম. রাকিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর
ফোন ০২-৪৭৮৮২১১০১


E-mail : unogopalganj@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৩৫৩২.০০১.১১.০০১.১৭- ২০৭

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ;
- ০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ;
- ০৩। উপজেলা..... কর্মকর্তা, গোপালগঞ্জ সদর। বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ;
- ০৪। সহকারী প্রোগ্রামার, গোপালগঞ্জ সদর। উপজেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
- ০৫। চেয়ারম্যান, সাহাপুর/কাজুলিয়া/নিজড়া/কাঠি/পাইককান্দি/চন্দ্রদিঘলিয়া/দুর্গাপুর ইউপি, গোপালগঞ্জ সদর। তাকে ইউনিয়ন পরিষদ, সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাট বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো;
- ০৬।
- ০৭। নোটিস বোর্ড।


(এম. রাকিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর